## নভেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৬.১১.২০২৪খ্রি.

সময় ঃ দুপুর ১১.৩০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

অক্টোবর ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অক্টোবর ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে অক্টোবর ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা সম্ভব হয়নি। কারণ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৯ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৫০০ নং প্রজ্ঞাপনমূলে উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ ২০২৪ এর ধারা ১৩ঘ প্রয়োগ করে সকল ভাইস চেয়ারম্যান ও সকল মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে উপজেলা পরিষদের স্ব স্ব পদ থেকে অপসারণ করা হয়।

**সিদ্ধান্তঃ ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাপতি অপসারিত হওয়ায় আপাততঃউপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত স্থগিত/বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি দায়িত্ব পালন সম্পর্কিত জারীকৃত পরিপত্রসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভাগীয় আলোচনা**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান যে, বিরামপুর উপজেলায় ১৭৪৪৫ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদ করা হয়েছে। এখন পর্যন্ত ৮৭২২ হেক্টর জমির ধান কর্তন করা হয়েছে এবং ৪৪১১২ মে.টন ফলন পাওয়া গেছে। মাঠে দন্ডায়মান সকল ফসল ভাল অবস্থায় আছে। তিনি আরও জানান যে, কৃষি প্রণোদনা কর্মসূচী/২০২৪-'২৫ অর্থবছরে গ্রীষ্মকালীন পেঁয়াজ ১২০ জন, মাসকলাই-৪০ জন, সরিষা-১৫০০ জন, গম-১৪০ জন, ভূট্টা-৭২০ জন এবং শীতকালীন পেঁয়াজ-১০ জন কৃষকের মাঝে সার ও বীজ বিতরণ করা হয়েছে। ফসলসমূহ মাঠে ভাল অবস্থায় আছে। সেইসাথে কৃষি প্রণোদনা কর্মসূচী/২০২৪-'২৫ অর্থবছরে বোরো ধান (হাইব্রিড)-১৬০০ জন কৃষকের জন্য বরাদ্দ পাওয়া গেছে। বীজ প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। | ১. স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালের বিভিন্ন বিভাগের কাজ যথানিয়মে চলছে। তিনি আরও জানান যে, রোগীর সংখ্যা বেশী। ৮ জন চিকিৎসকের স্থলে ৫ জন চিকিৎসক নিয়ে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। তিনি আরও জানান যে, আলট্রাসনোগ্রাম মেশিন এসেছে। আগামী সপ্তাহ থেকে চালু করা হবে। তিনি উপজেলা স্বাস্থ্য কম্পপ্লেক্সে একটি সাব মার্সেবল পাম্প দেয়ার জন্য অনুরোধ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর থেকে একটি সাব মার্সেবল পাম্প দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ভোক্তা অধিকার কর্তৃপক্ষ ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সমন্বয়ে অভিযান পরিচালনা করা হয়। নভেম্বর ২০২৪ মাসে ২২৫৮টি গবাদি প্রাণির এবং ৯৭৫০টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীদের কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি। কৃত্রিম প্রজনন ৩৩৬ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৭৩টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১০৪৬৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ১০০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০১টি হয়েছে। ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে ০৩টি মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে। তবে <u>অক্টোবর হতে ডিসেম্বর ২০২৪ মাস পর্যন্ত একসাথে ৩ মাসের টিকা সরবরাহ করা হয়েছেঃ</u> (১) তড়কা-২০০০ মাত্রা, (২) বাদলা-১৫০০ মাত্রা, (৩) গলাফুলা-৫০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-২০০০০ মাত্রা, (৫) আরডিবি-১০০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-০০ মাত্রা, (৭) পাউল কলেরা-০০ মাত্রা, (৮) গট পক্স-০০ মাত্রা, (৯) গামবোরো-১০০০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-০০, (১১) ক্ষুরা-১৬০ মাত্রা এবং (১২) ছাগ বসন্ত-০০ মাত্রা। সর্বমোট=৪৪১৬০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের বদলিজণিত কারণে জনাব মোঃ হানিফ উদ্দিন ০২.১০.২০২৪ তারিখ থেকে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। তিনি জানান যে, দাপ্তরিক কাজ ভালভাবে চলছে। কোন সমস্যা নেই। ৬০ (ষাট) জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। আশুরার বিলে অভয়াশ্রমের জন্য বরাদ্দ এসেছে। মোন্নাপাড়া ব্রীজের নীচে স্থায়ী অভয়াশ্রমের কাজ চলছে কাজটি ভাল হচ্ছে। ঠিকাদারের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। তবে স্মার্ট অভয়াশ্রম করতে পারলে ভাল হতো। এতে মাছ বৃদ্ধি পাবে। ২/৩ বছর থাকলেই যথেষ্ট হবে। CCTV লাগানো হলে লাইভ দেখা যেতো। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর কাজ শেষের পথে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | জনাব সঞ্জয় কুমার রায়, উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, তিনি দিনাজপুর সদর ইউনিটে দায়িত্বে রয়েছেন। ফুলবাড়ি ও বিরামপুর ইউনিটে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। তিনি সকলের সহযোগিতাকামনা করছেন।<br>উপজেলা নির্বাহী অফিসার তাকে এ উপজেলায় স্বাগত জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও বলেন যে, সেচের আবেদনের বিষয়ে সরেজমিন তদন্ত শেষ হয়েছে। শুধু বিনাইল ইউনিয়ন দেখা হয়নি। সপ্তাহ খানেক সময় লাগবে। আলোচনা করে পরবর্তী মিটিং এর আগেই তদন্ত প্রতিবেদন দাখিল করবেন প্রতিবেদন জমা দিবেন মর্মে সভায় উল্লেখ করেন। তিনি সভায় আরও বলেন যে, কাটলা-জোতবানী ইউনিয়নের চিরির খাল পুনঃ খনন করা হলে কৃষক উপকৃত হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | জনাব মোঃ মমতাজুল, অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম চলছে। আগস্ট ২০২৪ এর পরের অবস্থা নেই উন্নতি হচ্ছে। চুরি কমেছে সেইসাথে মাদকও কমে গেছে। তিনি আরও উল্লেখ করেন যে, কেটরা কলেজের নিকট যে মাদকের আখড়া ছিল তা বন্ধ করেছেন। বিষয়টি অবহিত করে সহযোগিতা করার জন্য তিনি উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুরকে ধন্যবাদ জানান। শহরের রাস্তায় দুর্ঘটনা বেড়েছে। এ বিষয়ে তিনি সড়ক ও জনপথ বিভাগে পত্র দিয়েছেন।<br>উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, বিরামপুর পৌরসভা পৌরসভার বরাদ্দ থেকে আনসার ভিডিপি, বিরামপুর থানা এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন। তিনি পৌর কমিটির সভায় উপস্থিত থেকে প্রয়োজনীয়তার কথা বলার জন্য অনুরোধ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের কাজ বন্ধ ছিল। ৭ দিন আগে ঠিকাদার কাজ শুরু করে আবারও কাজ বন্ধ করেছে। ঠিকাদার জয়ন্ত'র সাথে যোগাযোগ করার চেষ্টা করা হয় কিন্তু মোবাইল বন্ধ থাকায় যোগাযোগ করা সম্ভব হয়নি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২১ নভেম্বর হতে ৪ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বার্ষিক পরীক্ষা চলবে। ২০২৫ সালের এসএসসি পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা হয়েছে। এখন ফরম ফিলাপ চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রতিবন্ধী যাচাই-বাছাইয়ের কাজ চলছে। ডাউন সিন্ড্রম বেবীদের চিকিৎসার জন্য বিশেষ বরাদ্দ প্রদান করা হবে। আবেদন প্রাপ্তির পর বরাদ্দ প্রদান করা হবে। এরুপ শিশু থাকলে দ্রুত আবেদন করার জন্য তিনি অনুরোধ করেন। আবেদনের উপর নির্ভর করে প্রতিবন্ধী ভাতার জন্য বরাদ্দ প্রদান করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রতিবন্ধী নির্বাচনের জন্য আবেদন গ্রহণের কার্যক্রম শুরু হওয়ায় ইউনিয়ন পর্যায়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদকে অনুরোধ করেন।। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ঋণ আদায়ের কার্যক্রম জোরদার করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, VWB চালের বিষয়ে নির্দেশনা এসেছে। সফটওয়ার খোলা সাপেক্ষে ১০.১২.২০২৪ তারিখের পর থেকে Online আবেদন করতে পারবে। ভাতাভোগীকে নিজেই Online-এ আবেদন করতে হবে। নিজের মোবাইল নম্বর দিতে হবে। কারণ আবেদনকৃত মোবাইলে OTP আসবে। কেই আবেদন করতে আসলে ইউনিয়ন পরিষদ তথ্য নিয়ে রাখবে। পরিপত্রের নির্দেশনানুযায়ী সতর্কতার সাথে কমিটির মাধ্যমে ভাতাভোগী নির্বাচন করতে হবে। নভেম্বর ২০২৪ মাসের মা ও শিশু ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। নির্বাচিতদের বলা হচ্ছে ভাতা চলে এসেছে। এটি একটি প্রতারক চক্রের কাজ। কেউ যেন PIN CODE না দেয়। এ বিষয়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। যদিও বিরামপুর উজেলায় প্রতারক চক্রের তৎপরতা কমে গেছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন।<br>তিনি আরও জানান যে, আন্তর্জাতিক নারীপক্ষ ২০২৪ আগামী ২৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত পালিত হবে। র‍্যালী, আলোচনা সভা, উঠান বৈঠক এবং কিশোর-কিশোরী ক্লাবেও পক্ষটি পালিত হবে। তিনি এ অনুষ্ঠানের সকল আয়োজনে উপস্থিত থাকার জন্য উপস্থিত সবাইকে আমন্ত্রণ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাসের শেষ সপ্তাহ বিধায় বিল পাশের কাজে ব্যবস্ততা রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, এ অফিস থেকে ক্লাবগুলোর রেজিস্ট্রেশন দেয়া হয়। রেজিস্ট্রেশন ছাড়া কোন ক্লাবকে অনুদান দেয়া সম্ভব হয় না। ২০২৪-'২৫ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচে ৪২০ জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে সে মোতাবেক প্রশিক্ষণ চলছে। বর্তমানে ২টি ব্যাচে ৬০ জন বেকার যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত সর্বমোট ৬৬৬১ জনকে প্রশিক্ষিত করা হয়েছে। তিনি আরও জানান যে, ১ নভেম্বর ২০২৪ তারিখে জাতীয় যুব দিবসে ১৬ (ষোল) জন প্রশিক্ষিত বেকার যুব ও যুব মহিলাদের মাঝে ৭,২০,০০০/- (সাতলক্ষ বিশহাজার) টাকা যুব ঋণের চেক বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =৪২,৪০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =৩১,৮৪,১৬০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =৩০,৪৭,২০০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৬%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =৩,১০,২৬,৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৫৪,৩৮,৫০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২,৩১,০১,৭৫১/- টাকা এবং আদায়ের হার শতকরা ৯১%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে।<br>তিনি আরও জানান যে, পরিবার পরিকল্পনা কার্যক্রমের অংশ হিসেবে জন্ম নিয়ন্ত্রণে স্বল্প মেয়াদি পদ্ধতির সংকট রয়েছে তবে দীর্ঘস্থায়ী পদ্ধতির কাজ চলছে। জুন ২০২৫ সাল নাগাদ এ সকটের উত্তোরণ ঘটতে পারে মর্মে তিনি আশা করেন। দীর্ঘ মেয়াদী পদ্ধতিটি সাধারণতঃ নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর মধ্যে দেয়া হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের ৫৮টি তারাপাম্প এবং ২৮টি সাব মার্সেবল পাম্প বরাদ্দ পাওয়া গেছে। আবেদন করার জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। আবেদন যাচাই-বাছাই অন্তে প্রয়োজনের নিরিখে উপজেলা নির্বাহী অফিসারের সাথে পরামর্শক্রমে এবং চেয়ারম্যানগণের সাথে আলোচনা সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হবে। সেইসাথে উক্ত পাম্প বসানোর জন্য স্থান নির্বাচনও করতে হবে। প্রতিটি তারাপাম্পের জন্য ২,৫০০/- (দুইহাজার পাঁচশত) টাকা এবং প্রতিটি সাব মার্সেবল পাম্পের জন্য ৭,০০০/- (সাতহাজার) টাকা জমা প্রদান করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের কার্যক্রম শুরু হয়নি। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১০ ডিসেম্বর ২০২৪ থেকে ৪র্থ শুমারী শুরু হবে। এ উপজেলায় সুষ্ঠুভাবে কাজটি সম্পন্ন হবে বলে তিনি আশা প্রকাশ করে সকলের সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রতিবছরের ন্যায় ২ নভেম্বর ২০২৪ শনিবার জাতীয় সমবায় দিবস ২০২৪ সুন্দরভাবে পালিত হওয়ায় সকলকেধন্যবাদ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | জনাব মোঃ তানভির ইসলাম নাহিদ ৪১তম বিসিএস-এ নির্বাচিত হয়ে উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের দায়িত্ব পালন করছেন। একজন নবীন কর্মকর্তা হিসেবে তিনি সকলের সহযোগিতা কামনা করছেন। শিক্ষানবিশ কর্মকর্তা হিসেবে তিনি এ উপজেলায় ১ বছর অবস্থান করবেন। উপজেলা নির্বাহী অফিসার সকলের পক্ষ থেকে তাকে স্বাগত জানয়ে বলেন যে, খানপুর ইউনিয়নের প্রয়াগপুরে কিছু বন বেদখল হয়েছিল। অনেক চেষ্টা করে উদ্ধারের কাজ চলছে। ৪২১টি লটের গাছ কাটা চলছে। শুধুমাত্র মার্কিং করা গাছ কাটা হচ্ছে। খানপুর, বিনাইল, জোতবানী ও পলিপ্রয়াগপুর ইউনিয়নে গাছ কাটা চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর প্রশিক্ষণে থাকায় সভায় উপস্থিত থাকতে পারেনি মর্মে জানা গেল। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৭টি বিদ্যালয়ের ২ ব্যাচে বাংলা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। লীডার শীপের ৫০ জন শিক্ষককে ডিসেম্বর ২০২৪ মাসে প্রশিক্ষণ দেয়া হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ঋণ আদায়ের হার কম। ডিসেম্বর ২০২৪ পর্যন্ত এমনি চলবে। পরে আদায় বৃদ্ধি পাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় এবং ঋণ প্রদান স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বরাদ্দ না পাওয়ায় উঠান বৈঠক করা হয়নি। তবে জানুয়ারি ২০২৫ মাসে উঠান বৈঠক হতে পারে। বেতনও বন্ধ আছে। ডিসেম্বর ২০২৪ মাসে হওয়ার সম্ভাবনা রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৩ Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>৬ষ্ঠ ধাপের কাজ শেষ হয়েছে। এক বছরের জন্য এ প্রজেক্টের মেয়াদ বাড়ানো হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। অডিট খুব ভালভাবে সম্পন্ন হয়েছে। কোন আপত্তি নেই। ওয়েব পোর্টাল প্রজেক্ট অফিস থেকে মনিটরিং করা হচ্ছে। সেকারণে ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য আপলোড করতে হবে। ভাইস-চেয়ারম্যান অপসারিত হওয়ায় এখন স্থায়ী কমিটির সভা হচ্ছে না। এ বিষয়ে কোন নির্দেশনা পাওয়া যায়নি। ২০২৬ সাল থেকে ২য় পর্যায়ে কার্যক্রম শুরু হবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর |
| আলোচনাঃ ৩৪ খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর জেলা মিটিং এ যাওয়ায় এ সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১৭.১১.২০২৪ তারিখ থেকে আমন সংগ্রহ শুরু হয়েছে। ০৪.০২.২০২৫ তারিখে সংগ্রহ কার্যক্রম শেষ হবে। এবার কৃষকের এ্যাপস থেকে ধান সংগ্রহ করা হবে।কৃষকদের ব্যাপক সম্পৃক্ত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা প্রয়োজন। উপজেলা কৃষি কর্মকর্তা এবং উপ-কৃষি কর্মকর্তাদের নিয়ে কৃষকদের নিয়ে বসবেন। লটারী করলে লক্ষ্য অর্জিত হয় না। Online আবেদন করতে হবে। প্রতি কেজি ৩১/- টাকা ধরে সর্বোর্চ ১৩২০ মন ধান নেয়া হবে।<br>এ প্রেক্ষিতে উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর এ উপজেলায় যোগদান করেই এ্যাপস এর মাধ্যমে ধান সংগ্রহের উদ্যোগ গ্রহণ করে সফল হয়েছেন। তিনি তাকে ধন্যবাদ জানান। আজকের সভায় তাঁর এই উদ্যোগ সফল হওয়ায় করতালির মাধ্যমে তাঁকে অভিনন্দন জানানো হয়। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫ আনসার বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, জেলায় ড্রাইভিং ও কম্পিউটার প্রশিক্ষণ চলছে। দুর্যোগকালীন সময়ে আনসারগণ রেল লাইনে দায়িত্ব পালন করায় তাদের জন্য বরাদ্দ এসেছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৬ ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, উপজেলা মডেল মসজিদটি পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে। যে সমস্ত ত্রুটি পাওয়া গিয়েছিল তার সমাধান করা হয়েছে। আসবাব দেয়ার জন্য লোকজন প্রতিনিয়ত আসছে। এ মসজিদ বিষয়ে নীতিমালায় কিছু পরিবর্তন আসতে পারে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৭ মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, পলিখাঁপুরের রাস্তায় পানি নিস্কাশনের জন্য ১টি ড্রেন করা না হলে রাস্তাটি ভাল থাকবে না। তিনি উক্ত রাস্তায় ১টি ড্রেন করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮ কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দক্ষিণ হরিরামপুরে ১০০% হিন্দু বসতি। শৈলান-হরিরামপুর কাঁচা রাস্তাটি এডিপির'র তালিকাভূক্ত করে পাকা করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯ খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র প্রকল্প প্রস্তাব দাখিল করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৪০ দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র প্রকল্প প্রস্তাব দাখিল করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |



ASMA - Bibith

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪১ বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র প্রকল্প প্রস্তাব দাখিল করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২ জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র প্রকল্প প্রস্তাব দাখিল করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র প্রকল্প প্রস্তাব দাখিল করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪ সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |

৪৫. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**অক্টোবর/২০২৪ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর অক্টোবর/২০২৪ মাসের ২৯দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান=(১৫,৯৫০+১৫,৯৫০=৩১,৯০০/-) | =৩১,৯০০/- |
| ০২ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে অক্টোবর/২০২৪ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৩ | প্রোঃ/ম্যানেজার, মেসার্স শর্মিলী ফিলিং স্টেশন, ফুলবাড়িকে অক্টোবর ২০২৪ মাসের উপজেলা পরিষদ জীপগাড়ির জ্বালানী তেলের বিল প্রদান। ৫% ভ্যাটসহ। | =১১,৯৪১/-<br>=৬২৯/- |
| ০৪ | জনাব মোঃ পারভেজ কবীর, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুরের ১-১৭ আগস্ট পর্যন্ত ১৭ দিনের সম্মানীভাতা, বাড়ি ভাড়া ও জুলাই ২০২৪ মাসের ভ্রমণ ভাতা প্রদান। | =৩৩,৬২৫/- |
| ০৫ | উম্মে কুলসুম বানু, সাবেক ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুরের ১-১৭ আগস্ট পর্যন্ত ১৭ দিনের সম্মানীভাতা ও জুলাই ২০২৪ মাসের ভ্রমণ ভাতা প্রদান। | =২১,৮০০/- |
| ০৬ | জনাব মোঃ আতাউর রহমান, সাবেক ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুরের ১-১৭ আগস্ট পর্যন্ত ১৭ দিনের সম্মানীভাতা ও জুলাই ২০২৪ মাসের ভ্রমণ ভাতা প্রদান। | =২১,৮০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/১১/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৯৭১/১(৪৫) তারিখঃ ১২.১২.২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪ সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।
০৫. প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭. উপজেলা......................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
০৮. চেয়ারম্যান, .............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
০৯. জনাব ................................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১২/১২/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd